

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কার্যালয়
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।






বিষয় : উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভা।

সভার তারিখ : ২২/১২/২০২১খ্রি. বুধবার, সময় : সকাল - ১০.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, লক্ষীছড়ি।

সভাপতি : সুমনা চাকমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।


সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা ও উপস্থিতির স্বাক্ষর।

ক্রমং	নাম	পদবী	কমিটির পদবী	উপস্থিতির স্বাক্ষর
১.	সুমনা চাকমা	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	
২.	প্রবিল কুমার চাকমা	চেয়ারম্যান, ১নং লক্ষীছড়ি ইউপি	সদস্য	
৩.	ত্রিলন চাকমা	চেয়ারম্যান, ২নং দুলাতলী ইউপি	সদস্য	
৪.	আঃ রাশেদ	সমাজ সেবা কর্মকর্তা	সদস্য	
৫.	জিনা চাকমা	মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা	সদস্য সচিব	

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিশদ আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা বলেন তার দপ্তরের কার্যক্রম সুন্দর ও স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলায় কিছু ভাতা সুবিধাভোগীর ব্যাংক একাউন্ট খোলা বাকী রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের বার বার তাগিদ দেয়া হয়েছে। তিনি আরো জানান মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ সুষ্ঠুভাবে চলছে। এছাড়া ভিজিডি বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করা হচ্ছে। সভায় উপস্থিত মহিলা ভাইস চেয়ারম্যান বলেন অত্র উপজেলা নারী উন্নয়ন ফোরাম রেজিস্ট্রেশন করা হয়েছে এবং কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : ভাতা সুবিধাভোগীর ব্যাংক একাউন্ট খোলার বিষয়ে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



(সুমনা চাকমা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

স্মারক নং- ৬২.০৩.৪৬৩.০০০.০০.০০০.২০২১-২৪২

তারিখ : ২২/১২/২০২১খ্রি.।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ৩। অফিস নথি।


২২/১২/২০২১
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

১